''উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঝিনাইগাতী, শেরপুর।
www.jhenaigati.sherpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৮৯৩৭.০০৪.০৪.০০১.২৪. ২৭০

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১
১৭ এপ্রিল ২০২৪

## ''নিয়োগ বিজ্ঞপ্তি''

বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, বুধবার, ৬মে, ২০১৫ এ প্রকাশিত স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ২১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/০৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ মূলে জারীকৃত ''স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃংঙখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী শেরপুর জেলাধীন ঝিনাইগাতী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নসমূহে "সম্পূর্ণ অস্থায়ী" ভিত্তিতে মহল্লাদারের শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত নিম্নোল্লিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং. | ইউনিয়ন | পদ | ওয়ার্ড | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা | শারিরীক যোগ্যতা: পুরুষ প্রার্থী | শারিরীক যোগ্যতা: মহিলা প্রার্থী | বয়স | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | ০১নং কাংশা | মহল্লাদার | ১,৩ | ০২ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ | (১) সর্বনিম্ন উচ্চতা- ৫ ফুট ২ ইঞ্চি, (২)সর্বনিম্ন বুকের মাপ- ৩০ ইঞ্চি (স্বাভা:); ৩২ ইঞ্চি (সম্প্র:), (৩) সর্বনিম্ন ওজন-৫০ কেজি | (১) সর্বনিম্ন উচ্চতা- ৫ ফুট (২)সর্বনিম্ন বুকের মাপ- ২৮ ইঞ্চি (স্বাভা);৩০ ইঞ্চি (সম্প্র:) (৩) সর্বনিম্ন ওজন- ৪৫ কেজি | অনূন্য ১৮ ও অনূর্ধ্ব-৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তান/নাতী নাতনীদের ক্ষেত্রে অনূর্ধ ৩২ বছর) | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২। | ০২নং ধানশাইল | মহল্লাদার | ৩,৬ | ০২ | | | | | |
| ০৪। | ০৫নং ঝিনাইগাতী | মহল্লাদার | ১,৮ | ০২ | | | | | |
| ০৫। | ০৬নং হাতীবান্ধা | মহল্লাদার | ৫,৬,৭ | ০৩ | | | | | |
| ০৬। | ০৭নং মালিঝিকান্দা | মহল্লাদার | ১,৯ | ০২ | | | | | |

**শর্তাবলী:**

০১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০২ আবেদন পত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) বয়স (১২/৫/২০২৪ খ্রিঃ তারিখে) (ঞ)বৈবাহিক অবস্থা (ট) স্বামী/স্ত্রীর নাম (ঠ) শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে A4 কাগজে প্রিন্ট করা আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর বরাবর দাখিল করতে হবে (ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইট www.jhenaigati. sherpur.gov.bd তে পাওয়া যাবে) । আবেদনপত্র আবশ্যিকভাবে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০৩ আবেদনপত্রের সাথে দাখিলকৃত/সংযুক্ত কাগজপত্রাদি-
ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্রের কপি খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি গ) চারিত্রিক সনদপত্রের মূল কপি ঘ) সকল শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি ঙ) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর বরাবর- ২০০/-(দুইশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চ) মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীর পিতা/পিতামহ/নানা'র নামীয় মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি এবং প্রযোজ্য অন্যান্য সনদ ছ) এতিম/প্রতিবন্ধী, উপজাতীয়, আনসার ও ভিডিপি কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি এবং ঝ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্ম নিবন্ধনের কপি সংযুক্ত করে আবেদন করা যাবে; তবে জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির নিমিত্ত আবেদনের রশিদের ফটো কপি সংযুক্ত করতে হবে।

০৪ ছবি ও অন্যান্য সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৫ প্রার্থীর বয়স ১২/৫/২০২৪ খ্রি. তারিখে বয়স (১৮ হতে ৩০ বছর) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৬ আবেদনপত্র আগামী ২১/০৪/২০২৪ তারিখ হতে ১২/০৫/২০২৪খ্রি. তারিখ অফিস চলাকালীন ( সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।

০৭ প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে কোটার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮ প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/-(দশ) টাকার ডাক টিকেটযুক্ত (৪.৫-৯.৫) ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৯ প্রার্থীকে আবেদনকৃত খামের উপরে প্রার্থীর নাম, ঠিকানা, ওয়ার্ড, ইউনিয়ন, মোবাইল নম্বর ও কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

১০ ফেরত খামে প্রেরকের স্থলে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর এবং প্রাপকের স্থলে আবেদনকারীর নাম, ঠিকানা, ওয়ার্ড, ইউনিয়ন ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

১১ অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ফ্লুইড মারা, ঘষামাজা, কাটাকাটিযুক্ত, প্রার্থীর স্বাক্ষর বিহীন ও পে-অর্ডার বিহীন এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২ আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩ প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪ নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী ডোপ টেস্ট ও চাকরির জন্য অত্যাবশ্যকীয় ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ না হলে নিয়োগলাভে অযোগ্য বিবেচিত হবে।

১৫ পরবর্তীতে নিয়োগ প্রাপ্তদের চাকুরী স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬ মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৭ কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮ নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১৯ আবেদনকারী প্রার্থীর পক্ষে কোনরূপ সুপারিশ গ্রহণযোগ্য নয়, বরং অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২০ কোন কারণ দর্শানো ব্যতিরেখে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, শর্তাবলী সংশোধন/সংযোজন/বিয়োজন/পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করে।

17/04/24

মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইগাতী, শেরপুর।
E-mail:unojhenaigati@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৮৯৩৭.০০৪.০৪.০০১.২০১৮- 240 (৫০)

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১
১৭ এপ্রিল ২০২৪

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১। মাননীয় সংসদ সদস্য, ১৪৫, শেরপুর-৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, শেরপুর।

০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, শেরপুর।

০৫। পুলিশ সুপার, শেরপুর।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

০৭। অফিসার ইন-চার্জ, ঝিনাইগাতী মডেল থানা, শেরপুর।

০৮। উপজেলা ........................................................................................................কর্মকর্তা(সংশ্লিষ্ট), ঝিনাইগাতী, শেরপুর।

০৯। চেয়ারম্যান,............................ ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর (বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১০। সম্পাদক,..........................................,তাঁকে আগামী সংখ্যায় তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি ছোট্ট পরিসরে প্রকাশ করে বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১১। অফিস কপি।

17/04/24

উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইগাতী,শেরপুর।

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইগাতী, শেরপুর।

ছবি

বিষয় : গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে নিয়োগের আবেদন।

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আপনার কার্যালয়ের গত ১৭-০৪-২০২৪ তারিখের স্মারক নং-০৫.৪৫.৮৯৩৭.০০৪.০৪.০০১.২০১৮.২৭০ মূলে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ---------------------------- ইউনিয়নের --------নং ওয়ার্ডে গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে নিয়োগের লক্ষ্যে একজন আগ্রহী প্রার্থী হিসেবে নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাদি মহোদয়ের সদয় অবগতির জন্য পেশ করলাম:

| | |
|---|---|
| ক) নাম | : ---------------------------------------------------------------- |
| খ) পিতার নাম | : ---------------------------------------------------------------- |
| গ) মাতার নাম | : ---------------------------------------------------------------- |
| ঘ) স্থায়ী ঠিকানা | : গ্রাম:------------------------------, ডাকঘর:--------------------------<br>ইউনিয়ন:--------------------------, উপজেলা-ঝিনাইগাতী, জেলা-শেরপুর। |
| ঙ) বর্তমান ঠিকানা | : গ্রাম:------------------------------, ডাকঘর:--------------------------<br>ইউনিয়ন:--------------------------, উপজেলা-ঝিনাইগাতী, জেলা-শেরপুর। |
| চ) জন্ম তারিখ | : -------------------------- |
| ছ) বয়স | : ---------- বছর --------- মাস--------দিন (১২-০৫-২০২৪ তারিখে)। |
| জ) জাতীয়তা | : বাংলাদেশী (জন্মসূত্রে)। |
| ঝ) ধর্ম | : ------------------------------------------------------------ । |
| ঞ) শিক্ষাগত যোগ্যতা | : ------------------------------------------------------------ । |
| ট) বৈবাহিক অবস্থা | : ------------------------------------------------------------ । |
| ঠ) স্বামী/স্ত্রীর নাম প্রযোজ্য ক্ষেত্রে) | : ------------------------------------------------------------ । |
| ড) অভিজ্ঞতা (যদি থাকে) | : ------------------------------------------------------------ । |
| ঢ) প্রার্থীত ওয়ার্ড নং | : ------------------------------------------------------------ । |
| ণ) ইউনিয়ন | : ------------------------------------------------------------ । |
| ত) উচ্চতা | : ------------------------------------------------------------ । |
| থ) ওজন | : ------------------------------------------------------------ । |
| দ) বুকের মাপ | : ------------------------------------------------------------ । |
| ধ) কোটা সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | : ------------------------------------------------------------ । |
| ন) মোবাইল নম্বর | : ------------------------------------------------------------ । |

অতএব মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উল্লেখিত তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক উক্ত পদে আমাকে নিয়োগ প্রদান করতে মহোদয় সু-মর্জি হয়।

তারিখ : -------------------------- ।

নিবেদক-
আপনার বিশ্বস্ত
------------------------

সংযুক্তি

(১) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি- টি;
(২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি- ০৪(চার) কপি;
(৩) চারিত্রিক সনদপত্র-০১(এক) কপি;
(৪) নাগরিকত্ব সনদপত্র-০১(এক) কপি ;
(৫) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি-০১(এক) কপি;
(৬) কোঠা সংক্রান্ত প্রমাণক।

[বি.দ্র: আবেদনপত্র অবশ্যই স্বহস্তে পূরণ করতে হবে, কোন বিষয় প্রযোজ্য না হলে "প্রযোজ্য নয়" কথাটি উল্লেখ করতে হবে]